দৈনিক ইত্তেফাক

তারিখ 02 OCT 1990 ... পৃষ্ঠা ... 9 ... কলাম ... ৫

35

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করুন —— প্রধানমন্ত্রী

বাসস জানায়, প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ গতকাল (সোমবার) ঢাকায় জাতীয় জাদুঘর মিলনায়তনে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিদফতরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের এক সম্মেলন উদ্বোধনকালে ভবিষ্যৎ বংশ-

( ২য় পৃঃ দ্রঃ )

## প্রধানমন্ত্রী

( ১ম পৃঃ পর )

ধরদের প্রতি দায়িত্ব ও দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ হইয়া বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করিতে কাজ করার জন্য শিক্ষা কর্মকর্তাদের প্রতি আহ্বান জানাইয়াছেন। আগামী জানুয়ারী হইতে এই কর্মসূচী বাস্তবায়নের কাজ শুরু হইতেছে। এই কর্মসূচী বাস্তবায়নের নীতি-কৌশল প্রণয়নের জন্যই এই সম্মেলন ডাকা হইয়াছে। কাজী জাফর বলেন, এই সম্মেলনের বিবেচ্য বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জাতির জন্য তাৎপর্যপুর্ণ। তিনি বলেন, "অশিক্ষার বিরুদ্ধে এই সংগ্রামে আমাদের ব্যর্থ হইলে চলিবে না—আমাদের অবশ্যই জয়ী হইতে হইবে নতুবা আমরা ধ্বংস হইয়া যাইব।"

প্রেসিডেন্টের প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা মনসুর আলী সরকার, শিক্ষা সচিব আ,ন,ম ইউসুফ এবং প্রাথমিক শিক্ষার মহাপরিচালক আবুল হোসেইনও উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন।

বিভিন্ন পর্যায়ের শিক্ষা কর্মকর্তাদের অগ্রণী ভুমিকা পালনের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করিয়া প্রধানমন্ত্রী বলেন, এই সামাজিক আন্দোলনকে সফল করার জন্য সকল শ্রেণীর লোককে সম্পৃক্ত করিতে হইবে।

কাজী জাফর বলেন, প্রেসিডেন্ট এরশাদের নেতৃত্বে সরকার এই প্রথমবারের মত জাতির মেরুদণ্ড শিক্ষার ভিতকে মজবুত করার জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার উদ্যোগ গ্রহণ করিয়াছেন। এই কর্মসূচীর সফল বাস্তবায়নের জন্য আগামী বছর জুলাইয়ের মধ্যে ৪ হাজার ৫ শত নয়া প্রাইমারী স্কুল নির্মাণ করা হইবে। বর্তমানের ৭৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে হাইস্কুল ও মাদ্রাসায় ডাবল ও মর্নিং শিফট চালু করা হইবে। প্রধানমন্ত্রী বলেন, স্বয়ং তাঁহার নেতৃত্বে শিক্ষা মন্ত্রণালয়ে ১৫০ সদস্যের একটি সেল গঠন করা হইবে। এই সেল কেন্দ্রীয়ভাবে এই কর্মসূচীর সমন্বয় সাধন করিবে।

জনাব মনসুর আলী সরকার বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর সফলতার উপর জাতির অস্তিত্ব নির্ভরশীল।